দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ ... 15 AUG 1989 ...
পৃষ্ঠা ... 1 কলাম 1 ...

আন্তঃ মন্ত্রণালয় বৈঠক

# শিক্ষা সংক্রান্ত জরুরী সিদ্ধান্ত গৃহীত

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে গতকাল সোমবার এক উচ্চপর্যায়ের আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হয়।

সভায় অবিলম্বে শান্তিডাংগা দুলালপুরে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্মাণকাজ শুরু করার এবং আগামী অর্থবছরে সেখানে ক্লাস শুরু করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় খুলনা বিশ্ববিদ্যালয়ের মাষ্টার প্ল্যান ও নকশা প্রণয়নের দায়িত্ব স্থাপত্য অধিদপ্তরের ওপর ন্যস্ত করা হয়।

সভায় গুলশান মডেল হাইস্কুলকে উন্নতমানের বিদ্যালয়, সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়ের নির্মাণকাজ শুরু, তিতুমীর ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নির্মাণকাজ শুরুসহ কতিপয় সিদ্ধান্ত নেয়া হয়। খবর তথ্য বিবরণীর।